দৈনিক ইনকিলাব

তারিখ 0 5 JUL 2007 পৃষ্ঠা ৯ কলাম ৭

১০ ফিন্যান্স কমিটি

# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে বাজেট অনুমোদিত

প্রেস বিজ্ঞপ্তি : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০০৭-২০০৮ অর্থবর্ষের বাজেট অনুমোদন করা হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃক ২০০৭-২০০৮ অর্থবর্ষের জন্য প্রণীত চাহিদা বাজেটে ৮ হাজার ৯৭১.৬৮ লাখ টাকা প্রদর্শন করা হলেও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিমক) কর্তৃক এর বিপরীতে ৭ হাজার ৫৮০.০০ লাখ টাকার সিলিং নির্ধারণ করে দেয়া হয়েছে। কমিশন কর্তৃক নির্ধারিত সিলিং-এর মধ্যেই বাজেট রিকাস্ট করা হয়েছে।

২০০৭-২০০৮ অর্থবর্ষের রিকাস্ট বাজেটে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিমক) কর্তৃক সরকারী অনুদান হিসেবে ৭ হাজার ২৮০.০০ লাখ টাকা এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব সূত্র থেকে আয় হিসেবে ৩০০.০০ লাখ টাকাসহ সর্বমোট আয় হিসেবে ধার্য করা হয়েছে ৭ হাজার ৫৮০.০০ লাখ টাকা। উক্ত বাজেটে বেতন-ভাতাদি খাতে ৪ হাজার ৬৮০.০০ লাখ টাকা, পেনশন খাতে ১ হাজার ৪০০.০০ লাখ টাকা ও কন্টিনজেন্সী খাতে ১ হাজার ৫০০.০০ লাখ টাকা ধার্য করা হয়েছে। ধার্যকৃত কন্টিনজেন্সী বরাদ্দের মধ্যে সাধারণ আনুষঙ্গিক খাতে ধার্য করা হয়েছে ৫৪১.৬২ লাখ টাকা, শিক্ষা আনুষঙ্গিক খাতে ধার্য করা হয়েছে ৫৫৪.৬৭ লাখ টাকা, মেরামত ও সংরক্ষণ (রক্ষণাবেক্ষণ) খাতে ধার্য করা হয়েছে ১৩২.৪০ লাখ টাকা।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ মোশাররফ হোসাইন মিঞার সভাপতিত্বে গত ২৯ জুন অনুষ্ঠিত ফিন্যান্স কমিটির সভায় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ মোঃ ইদ্রিস আলী ২০০৭-২০০৮ অর্থবর্ষের মূল রিকাস্ট বাজেট এবং ২০০৬-২০০৭ অর্থবর্ষের সংশোধিত রিকাস্ট বাজেট উপস্থাপন করেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ধার্যকৃত সিলিং অনুযায়ী প্রণীত ২০০৭-২০০৮ সালের মূল রিকাস্ট বাজেটে ২০০৬-২০০৭ সালের সংশোধিত রিকাস্ট বাজেটের চেয়ে বরাদ্দের পরিমাণ কেবলমাত্র ৬.১৬% বৃদ্ধি পেয়েছে, যা দ্বারা আগামী বছরের স্বাভাবিক খরচ মেটাতে বেগ পেতে হবে বিধায় ২০০৭-২০০৮ সালের সংশোধিত বাজেট প্রণয়নকালে বিশ্ববিদ্যালয়ের বাস্তব চাহিদা অনুযায়ী বরাদ্দ নির্ধারণের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি অনুরোধ রাখা হয়।